দৈনিক ইত্তেফাক

তারিখ ৩১।৮।৭৭ পৃষ্ঠা ১ কলাম ৭

৯২

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংঘর্ষ ॥ আহত ৩০

*ময়মনসিংহ সংবাদদাতার ফোন ঃ গত বৃহস্পতিবার রাত ১০টা হইতে মাঝরাত পর্যন্ত কৃষি বিশ্ববিদ্যালয়ে দুইটি ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে হলের সীট দখলকে কেন্দ্র করিয়া সংঘর্ষে প্রায় ৩০ জন আহত হইয়াছে। আহতদের মধ্যে ছাত্রলীগের (আ-অ) বাকসু'র জিএস আওলাদ হোসেন* *(২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)*

## কৃষি বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

বাকসুর সদস্য স্বপন ও শওকত, বিশ্ববিদ্যালয় শাখার ছাত্রলীগ সভাপতি ওয়ালি উল্লাহ এবং ছাত্র দলের কর্মী প্রিন্স রহিয়াছে। আওলাদ হোসেন, স্বপন ও ওয়ালি উল্লাহকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। স্বপনের অবস্থা আশঙ্কাজনক। দুই পক্ষের মধ্যে ৩ ঘন্টায় প্রায় একশত রাউণ্ড গুলী বিনিময় হয়।

শামসুল হক হল, সোহরাওয়ার্দী হল ও নাজমুল হাসান হল হইতে সংঘর্ষের সূত্রপাত ঘটে। পরে ছাত্রলীগ কর্মীরা জি পি আই-এর সামনে এবং ছাত্রদল নিকটস্থ ব্রীজের উপর অবস্থান লইয়া গুলীবর্ষণ শুরু করে। ঘটনার জের হিসাবে গতকাল ভোরে ছাত্রলীগ কর্মীরা ক্যাম্পাস ছাড়িয়া চলিয়া গেলে ১০টার দিকে প্রতিপক্ষের কর্মীরা ৬টি হল এবং বাকসু'র কার্যালয়ে ব্যাপক ভাঙচুর করে। গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয় পরিবেশ পরিষদের সভায় বিশ্ববিদ্যালয় বন্ধ করিয়া দেওয়ার সুপারিশ করা হইলে ছাত্রদল, ছাত্র ইউনিয়ন ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট পৃথক পৃথক মিছিল করিয়া ভিসি'র বাসভবনের সামনে অবস্থান নেয়। প্রশাসন ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করিয়াছে।